

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে নুহাশ হুমায়ূনের 'পেপার ফগস' প্রদর্শিত

ক্যাম্পাস রিপোর্ট

প্রকাশিত: ১৮:১৬, এপ্রিল ০৯, ২০১৮ | সর্বশেষ আপডেট: ১৮:২৭, এপ্রিল ০৯, ২০১৮

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে প্রদর্শিত হয়েছে নন্দিত কথাসাহিত্যিক হুমায়ূন আহমেদ পুত্র নুহাশ হুমায়ূনের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র পেপার ফগস। রবিবার (৮ এপ্রিল) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে পোস্ট গ্রাজুয়েটস প্রোগ্রামস ইন ডিভাইস স্টার ম্যানেজমেন্টের (পিপিডিএম) উদ্যোগে এই চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করে বেসরকারি প্রতিষ্ঠান কমিউনিটি ডেভেলপমেন্ট ফর পিস ফাউন্ডেশন ও 'কান পেতে রই।'

১৫ মিনিটব্যাপী স্বল্পদৈর্ঘ্যের এই চলচ্চিত্রে ফুটে উঠেছে অল্পবয়সী দুটি বালক-বালিকার একাকীত্বের গল্প। পরিবার হারানো বালক ও একমাত্র খেলার সাথী ভাইকে হারিয়ে নিঃসঙ্গতায় ভুগতে থাকে বালিকাটি। এই দুজন শিশুকে এক সুতোয় বেঁধে ফেলে কাগজের তৈরি ব্যাঙ। কাগজের তৈরি অসুন্দর ব্যাঙ থেকে তৈরি হয় দারুণ এক মানবিক সম্পর্ক। অচেনা ছোট দুটি মানুষের পারস্পরিক নির্ভরশীলতার গল্পটি দারুণভাবে ফুটিয়ে তুলেছেন নুহাশ। ছবিটিতে অভিনয় করেছেন গৌতম ঘোষের শঙ্খচিল ছবিতে রূপসার ভূমিকায় অভিনয় করা শিশুশিল্পী সাঁজবাতি এবং আনাফ রহমান।

গত বছরের অক্টোবরে এই চলচ্চিত্র প্রদর্শন করে দ্য ডেইলি স্টার ও স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক আয়োজিত 'জীবনের জয়গান উৎসব' এর দশম আসরে সেরা নবাগত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রকার হিসেবে পুরস্কৃত হয়েছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী নুহাশ হুমায়ূন।

চলচ্চিত্র প্রদর্শনী শেষে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন নুহাশ। চলচ্চিত্রে আসার অনুপ্রেরণা প্রসঙ্গে হুমায়ূন আহমেদ তনয় জানান, বাবার কারণেই সিনেমার প্রতি অনুরক্ত হন তিনি তবে নুহাশের চলচ্চিত্র নির্মাণের পেছনে মায়ের অবদান সবচেয়ে বেশি।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনপ্রিয় লেখক ও পদার্থবিদ জাফর ইকবালে কন্যা ও কান পেতে রই এর প্রতিষ্ঠাতা ইয়েশিম ইকবাল। এই সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারিবৃন্দ উপস্থিত ছিলেন।